ক্যারিয়ার গড়তে ওরাকল সার্টিফিকেশন

ডাটাবেস সিস্টেম প্রস্তুতকারী প্রতিষ্ঠান ওরাকল করপোরেশন তাদের বিশ্বনন্দিত ডাটাবেস ওরাকলের প্রফেশনালদের বিভিন্ন লেভেলের সার্টিফিকেশন দিয়ে ভূষিত করছে। সাধারণ প্রফেশনালদের চেয়ে সার্টিফায়েড প্রফেশনালদের মূল্যায়নও হয় বেশি। এইসব সার্টিফিকেটের মধ্যে রয়েছে Oracle Certified Associate, Oracle Certified Professional ও Oracle Certified Master।

তবে এরমধ্যে Oracle Certified Professional (OCP) এর প্রচলনটা সবচে' বেশি। ওরাকলের মোট তিন লেভেলের সার্টিফিকেশন রয়েছে।

এগুলো হচ্ছেঃ

০ ওরাকল ডাটাবেজ এডমিনিস্ট্রেটর
০ ওরাকল ডাটাবেজ অপারেটর
০ ওরাকল ডেভেলপার

ওরাকল ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর

ওরাকল সার্টিফাইড এসোসিয়েট (OCA) DBA

ওরাকল করপোরেশন Oracle Database Administrator সার্টিফিকেশনের প্রথম ধাপটিই হলো- OCA। এই অংশে মূলত একজনের প্রাথমিক ডাটাবেজ জ্ঞান যাচাই করা হয়। OCA শুধুমাত্র Oracle 91 এর ওপরে করা সম্ভব। আর OCA অর্জন করতে হলে মোট ২টি পরীক্ষা পাস করতে হয়।

ওরাকল সার্টিফাইড প্রফেশনাল (OCP) DBA

Oracle DBA সার্টিফিকেশনের দ্বিতীয় ধাপটি হলো OCP। এই অংশে মূলত বড় ধরনের ডাটাবেজে কাজ করার অভিজ্ঞ ডাটাবেস এ্যাডমিনিস্ট্রেটরদের যাচাই করা হয়। OCP DBA ওরাকলের মোট তিনটি ভার্সনের ওপর হওয়া সম্ভব- Oracle 9i ও Oracle 8i। Oracle 9i-এ OCP DBA হতে চাইলে প্রথমে OCA DBA হতে হবে। অতঃপর আরো দুটি পরীক্ষা পাসের মাধ্যমে Oracle 9i Certified professional (OCP) DBA হওয়া যাবে।

Oracld 8i-এর OCP DBA হতে চাইলে আবার এক বা একাধিক সার্টিফিকেশন পথ বেছে নেয়া যাবে।

Oracle 8i Core path-এ OCP 8i DBA হতে চাইলে ৫টি এক্সাম এবং Oracle 8i Mixed Released Path-এ OCP 8i DBA হতে চাইলে ৬টি এক্সাম পাস করতে হবে। আর Oracle 8i Miexed Release Path-এ OCP DBA হতে চাইলে ৬টি এক্সাম পাস করতে হবে।

তবে কেউ যদি ইতিপূর্বে Oracle-এর অন্যকোনো ভার্সনে OCP DBA হয়ে থাকেন তবে নিম্নলিখিত পরীক্ষাগুলো দেবার মাধ্যমে আপগ্রেড করতে পারবেন।

তবে মনে রাখা দরকার, যিনি বর্তমানে Orcale ৪-এর পূর্ববর্তী ভার্সনে OCP DBA তাকে তিনটি এক্সাম দিতে হবে, Oracle-এ OCP কে দুটি এবং Oracle 8i-এ OCP কে মাত্র ১টি এক্সাম দিতে হবে Oracle 9i-এ আপগ্রেড করার জন্য।

ওরাকল সার্টিফাইড মাষ্টার (OCM) DBA

ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর হিসেবে ওরাকলের সর্বোচ্চ স্বীকৃতি হলো OCM। মূলত অত্যন্ত উচ্চপদে অধীন অভিজ্ঞ ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটরদের যাচাই করা হয় এই সার্টিফিকেশনের মাধ্যমে। শুধুমাত্র Oracle 9i এর ওপরই OCM DBA অর্জন করা সম্ভব। OCM হবার প্রথম শর্ত Oracle 9i-এর ওপর OCP DBA হওয়া। অতঃপর যে কোনো Oracle Education Centre কিংবা Orcale University থেকে নিম্নলিখিত কোর্সগুলো থেকে যে কোনো দু'টি সফলভাবে সম্পন্ন করার পর প্রেজেন্টেশন পাস করার মাধ্যমে OCM DBA হওয়া যায়।

ওরাকল ডাটাবেজ অপারেটর

ওরাকল সার্টিফাইড প্রফেশনাল (OCP) DBO

বর্তমান সময়ের জটিল ডাটাবেস এনভারনমেন্টে কাজ করার জন্য ডাটাবেস অ্যাডমিনিস্ট্রেটরের পাশাপাশি ডাটাবেস অপারেটরও প্রয়োজন। একজন DBO-র মূল দায়িত্ব হলো ডাটাবেসের সাধারণ ও নিয়মিত কাজগুলো সম্পন্ন করা, যার জন্য খুব বেশি তাত্ত্বিক জ্ঞানের প্রয়োজন পড়ে না। তবে OCP DBO-র জন্য ওরাকলের কমান্ড ও অন্যান্য গ্রাফিক্যাল টুলসগুলো জানা খুব জরুরি। আর তাই এই জ্ঞান যাচাইয়ের জন্যই এই সার্টিফিকেশন এই সার্টিফিকেশন বর্তমানে Oracle 9i ও Oracle 8i এই দুটি ভার্সনের ওপর প্রদান করা হয়। Oracle Internet Database Oparator Certified Professional (OCP DBO) হবার জন্য শুধুমাত্র একটি পরীক্ষাই পাস করতে হয়।

ওরাকল ডেভেলপার

ওরাকল করপোরেশন ওরাকল ডাটাবেসের জন্য ডাটাবেস অ্যাপ্লিকেশন তৈরি করে এমন সব ডেভেলপারদের যোগ্যতার সনদ হিসেবে এই লেভেলের সার্টিফিকেশন দিয়ে থাকে। এই লেভেলের সার্টিফিকেশনের সবগুলোই OCP। আর ওরাকল তাদের নিজস্ব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট টুলস Developer-এর বিভিন্ন ভার্সনে সার্টিফিকেশনের পাশাপাশি Java Technology সার্টিফিকেশনও দিয়ে থাকে। Oracle Developer হিসেবে প্রদত্ত সার্টিফিকেশনগুলো হলো–

◆ Oracle Certified Professonal Internet Application Developer
◆ Oracle Certified Application developer
◆ Oracle Certified Java Developer

ওরাকল সার্টিফাইড প্রফেশনাল ইন্টারনেট এপ্লিকেশন ডেভলপার

যারা Orcale 9i-এর সাথে Oracle Forms Developer 6 কিংবা 6i ব্যবহার করে ইন্টারনেট অ্যাপ্লিকেশন তৈরি করেন, তাদের যোগ্যতার সনদই হলো OCP Internet Application Developer এই সার্টিফিকেশন অর্জন করতে হলে দু'টি সার্টিফিকেশন পথ থেকে যে কোনো একটি পথ বেছে নেয়া যাবে।

Internet Application Developer Rel. 6/6i Core Path-এ ৪টি এবং Internet Application Developer Rel. 6/6i Mixed Release path-এ-ও ৪টি এক্সাম পাস করতে হবে।

ওরাকল সার্টিফাইড এপ্লিকেশন ডেভলপার

মূলত যারা ডাটাবেস অ্যাপ্লিকেশন তৈরির জন্য Developer Rel. 2 অর্থাৎ Developer/2000 ব্যবহার করেন তাদের জন্য এই সনদ। কিন্তু মার্চ ৩১, ২০০২ থেকে ওরাকল এই সার্টিফিকেশন প্রদান বন্ধ করে দিয়েছে। তবে আনন্দের কথা হলো যারা এ বিষয়ে ইতিমধ্যেই সার্টিফায়েড হয়েছেন, তারা আপনা-আপনিই OCP Internet Application Developer-এ উন্নীত হবেন, কোনোরকম আপগ্রেড এক্সাম ছাড়াই।

ওরাকল সার্টিফিকেশনের ফি

ওরাকল করপোরেশনের অধিকাংশ এক্সাম ফি $১২৫ থেকে $১৫০ এর মধ্যেই হয়ে থাকে।

কোথায় শিখবেন ঃ

ওরাকলের এসব সার্টিফিকেশন পেতে হলে প্রচুর পড়ালেখা ও হাতে কলমে প্রশিক্ষণ নেয়া জরুরী। এজন্য আপনি ইচ্ছা করলে যেকোন মানসম্পন্ন ট্রেনিং প্রতিষ্ঠানে যোগাযোগ করতে পারবেন। এখানে বেশ কয়েকটি উল্লেখযোগ্য প্রতিষ্ঠানের নাম দেয়া হলো–

সিসটেক কম্পিউটার এডুকেশন
বাড়ী-২৫/বি, রোড-৯/এ, ধানমন্ডি, ঢাকা। ফোন-৯১৩৪৪৩৯, ০১৮-২২২০০২
বেইজ লিঃ, চন্দ্রশিলা সুবাস্তু টাওয়ার, গ্রীনরোড, পান্থপথ, ঢাকা।
ইনফরমেটিকস্‌, বাড়ী-৬৭, রোড-৫/এ, ধানমন্ডি, ঢাকা। ফোন-৯৬৭০৭৭৫
বিবিআইটি, ১২৬, এলিফ্যান্ট রোড, (বাটা সিগনাল), ঢাকা। ফোন-৯৬৬২৯০১।

❑ মোঃ মারুফ হোসেন

পাঠকের লেখা

তথ্যপ্রযুক্তি পাতায় পাঠকদের লেখা ছাপানোর বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে। কম্পিউটারে কাজ করতে গিয়ে কোন সমস্যায় পড়লেন কিংবা ইন্টারনেটে ব্যবহার করতে গিয়ে বন্ধুত্ব-ভালোবাসা হলো অচেনা কারো সাথে অথবা কোথাও কম্পিউটার শিখতে গিয়ে পড়লেন বিড়ম্বনায়– এ ধরনের যেকোন বিষয়ে আপনার মজার অভিজ্ঞতা বা ঘটনাবহুল বিষয়গুলো গল্প বা প্রবন্ধ আকারে লিখে পাঠান। সেরা লেখকদের জন্য থাকবে বিশেষ আকর্ষণীয় পুরস্কার। প্রতিটি লেখার সঙ্গে লেখকের নাম ঠিকানা, ফোন নাম্বার/ ইমেইল (যদি থাকে), দিতে হবে। লেখা পাঠানোর ঠিকানা– তথ্যপ্রযুক্তি, দৈনিক ইত্তেফাক, ১নং আর কে মিশন রোড, ঢাকা-১২০৩।